

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৯৩

আগরতলা, ১৭ মার্চ, ২০২৫

**উচ্চমাধ্যমিক পরীক্ষা শান্তিপূর্ণ**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত উচ্চতর মাধ্যমিক, মাদ্রাসা ফাজিল আর্টস ও মাদ্রাসা ফাজিল থিওলজি'র সংস্কৃত, স্ট্যাটিসটিক্স, আরবি পরীক্ষা আজ শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে। রাজ্যের ৬০টি উচ্চতর মাধ্যমিক পরীক্ষাকেন্দ্রের অন্তর্গত সব পরীক্ষাস্থলের অবস্থা শান্তিপূর্ণ ছিল। আজ সারা রাজ্যে পরীক্ষায় বসেছিল ২৫৭৮ জন পরীক্ষার্থী। এর মধ্যে ছাত্রী ১৩৯৮ জন ও ছাত্র ১১৮০ জন। অনুপস্থিত ছিল ১১ জন ছাত্র ও ১২ জন ছাত্রী। ছাত্রছাত্রীর উপস্থিতির হার ৯৯.১২ শতাংশ। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে এই সংবাদ জানিয়ে বলা হয়েছে আগামী ১৮ মার্চ মাধ্যমিকের সিক্সথ সাবজেক্ট (ভোকেশনাল) এবং মাদ্রাসা আলিম এর থিওলজি (তফসির ও হাডিথ) পরীক্ষা গ্রহণ করা হবে।

\*\*\*\*\*